# শিক্ষক নাদিরাকে সা'দত কলেজেও চান না শিক্ষার্থীরা

■ টাঙ্গাইল প্রতিনিধি

ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে বিতর্কিত শিক্ষক নাদিরা ইয়াসমিনকে টাঙ্গাইলের সরকারি সা'দত কলেজে বদলির প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। গতকাল সোমবার সকালে কলেজের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে শিক্ষার্থীরা এ মানববন্ধন করেন। এ সময় তারা নাদিরাকে যোগদানে বাধা দেওয়ার ঘোষণা দেন। সেই সঙ্গে তাঁর চাকরিচ্যুতিরও দাবি জানান।

শিক্ষার্থীরা বলেন, ইসলাম, মহানবী (সা.) ও হজরত আয়েশা (রা.)-কে নিয়ে অবমাননাকর বক্তব্য দিয়েছেন নাদিরা ইয়াসমিন। তিনি পবিত্র কোরআনের উত্তরাধিকার আইন নিয়েও বিভ্রান্তিকর মন্তব্য করেছেন। ফলে তাঁর উপস্থিতি কলেজের ধর্মীয় পরিবেশ ও শিক্ষার্থীদের মানসিক বিকাশে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। কোনোভাবেই এমন বিতর্কিত শিক্ষককে কলেজে স্থান দেব না।

কলেজের স্নাতকোত্তরের শিক্ষার্থী জিহাদ মিয়া বলেন, ইসলামের বিরুদ্ধে কুৎসা রটিয়েছেন নাদিরা ইয়াসমিন। তাঁকে কোনোভাবেই সহ্য করব না। আমাদের কলেজে যোগদান করতে দেব না। এই কলেজের মাটিতে তাঁর স্থান হবে না। বদলির আদেশ দ্রুতই বাতিলের দাবি জানাচ্ছি। তাঁর চাকরিচ্যুতিরও দাবি জানাই।

মানববন্ধনের পর শিক্ষার্থীরা কলেজ অধ্যক্ষ মনিরুজ্জামান মিয়ার কাছে দুই দফা দাবিতে স্মারকলিপি দেন। এর আগে গত রোববার ধর্ম অবমাননার অভিযোগ ওঠার পর ওএসডি সহকারী অধ্যাপক নাদিরাকে টাঙ্গাইলের সা'দত সরকারি কলেজে সংযুক্ত করে প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। ওইদিন রাত ৯টার দিকে কলেজের ওয়াজেদ আলী খান পন্নী হলের সামনে শিক্ষার্থীরা প্রথম দফার মানববন্ধন ও প্রতিবাদ কর্মসূচি করেন।

ওই মানববন্ধনে কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ তালুকদার বলেন, বিষয়টি বিব্রতকর। নাদিরার যোগদানে বাধা এলে তা বিবেচনায় নেওয়া হবে। প্রয়োজনে যোগদান না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হবে।

গত ২৫ মে ধর্ম অবমাননার অভিযোগ ওঠার পর নাদিরাকে নরসিংদী সরকারি কলেজ থেকে ওএসডি

করে সাতক্ষীরা সরকারি কলেজে সংযুক্ত করা হয়। কিন্তু ওই সিদ্ধান্ত কার্যকর হওয়ার আগেই আবার নতুন আদেশে তাঁকে বদলি করা হলো। প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি সা'দত কলেজে ৪ জুন তাঁর যোগদানের কথা।